

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৯. ০৬.৫২২.১৬-৩৪৬

তারিখঃ


১৫ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
৩০ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ উপকারভোগীদের দৈনিক হাজিরা মেইনটেন, প্রত্যাশী সংস্থার সার্টিফিকেট সংগ্রহসহ নিয়মিত পরিদর্শন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত একটি কর্মসূচি। এ কর্মসূচির উপকারভোগীদের ৩ মাসের মৌলিক প্রশিক্ষণ শেষে দুই বছরের জন্য বিভিন্ন কার্যালয়ে অস্থায়ী কর্মে সংযুক্তি প্রদান করা হয়ে থাকে। অস্থায়ী কর্মে সংযুক্ত স্থানীয় বিভিন্ন প্রতিষ্ঠানসমূহে উপকারভোগীদের দৈনিক হাজিরা নিশ্চিত করার বিষয়ে উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ মুখ্য ভূমিকা পালন এবং নিয়মিত পরিদর্শনসহ প্রত্যাশী সংস্থার সার্টিফিকেট সংগ্রহ করবেন। এ বিষয়ে ইতোপূর্বে ১৩/০৯/২০১৮ তারিখের ৩৪.০১.০০০০.০২৯. ০৬.৫২২.১৬-৯১৮ সংখ্যক স্মারকে পত্র দেয়া হয়েছিল।

এমতাবস্থায়, অস্থায়ী কর্মে সংযুক্ত স্থানীয় বিভিন্ন প্রতিষ্ঠানসমূহে উপকারভোগীদের দৈনিক হাজিরা নিশ্চিত করার বিষয়ে উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ মুখ্য ভূমিকা পালন এবং নিয়মিত পরিদর্শনসহ প্রত্যাশী সংস্থার সার্টিফিকেট সংগ্রহের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। সেই সাথে পত্রের নির্দেশনা প্রতিপালন করা হচ্ছে মর্মে প্রতিবেদন প্রেরণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে সদয় অনুমোদনক্রমে নির্দেশ দেওয়া হলো।

- প্রাপকঃ উপপরিচালক
১) যুব উন্নয়ন অধিদপ্তর
----- জেলা।
২) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
-----উপজেলা-----জেলা।


(আবুল হাছান ঠাকুর)
যুগ্মসচিব
পরিচালক(পরিকল্পনা)
ও
পরিচালক(অঃ দাঃ)
ন্যাশনাল সার্ভিস কর্মসূচি
ফোন : ০২-৯৫৬০৭০৩

অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব(যুব-২), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ----- (সংশ্লিষ্ট)।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ----- (সংশ্লিষ্ট)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।